দৈনিক বাংলা

তারিখ 04 JUN 1995
পৃষ্ঠা ৮ কলাম ১

46

# যশোর বোর্ড ঃ বহু এসএসসি পরীক্ষার্থীর পরীক্ষা বাতিল

**যশোর ব্যুরো ঃ** যশোর শিক্ষা বোর্ড ১৯৯৫ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী বহু পরীক্ষার্থীর পরীক্ষা বাতিল করছে। গত এপ্রিল ও মে মাসে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। বিভিন্ন অনিয়মের জন্যই তাদের পরীক্ষা বাতিল করা হচ্ছে বলে শনিবার শিক্ষাবোর্ডের দায়িত্বশীল সূত্র জানায়।

গত মাসের শেষ সপ্তাহ থেকে বাতিল করার প্রক্রিয়া শুরু হয়েছে। বিভিন্ন স্কুল থেকে শিক্ষাবোর্ড বরাবর সম্প্রতি অনেক অভিযোগ আসে। ওইসব অভিযোগে বহু ছাত্র-ছাত্রী সম্পর্কে সুনির্দিষ্ট অভিযোগ পেশ করে বলা হয়, তারা সপ্তম, অষ্টম ও নবম শ্রেণীর ছাত্র-ছাত্রী থাকা সত্ত্বেও এবার এসএসসি পরীক্ষা দিয়েছে। অন্য স্কুলে ১৯৯৪ সালে তাদের অনেকের রেজিস্ট্রেশন গ্রহণ সত্ত্বেও তারা ভুয়া রেজিস্ট্রেশন নিয়ে পরীক্ষা দিয়েছে ভিন্ন স্কুল থেকে। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ ওই অভিযোগ তদন্ত করে অধিকাংশ ক্ষেত্রেই তার সত্যতা পেয়েছে। ফলে, তাদের পরীক্ষা বাতিল করা হচ্ছে। এ পর্যন্ত কতজনের পরীক্ষা বাতিল করা হয়েছে তার সুনির্দিষ্ট সংখ্যা জানা যায়নি। একজন কর্মকর্তা বলেন, যেহেতু বাতিল প্রক্রিয়া অব্যাহত রয়েছে, তাই ওই প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত বলা যাচ্ছে না কতজনের পরীক্ষা বাতিল করা হলো।

শিক্ষা বোর্ড ভুয়া রেজিস্ট্রেশনের জন্য এবার পরীক্ষার আগেই ১৫ হাজার পরীক্ষার্থীর আবেদন বাতিল করে। এখন পরীক্ষা অনুষ্ঠানের পর আরও বাতিল ঘটনা প্রমাণ করলো যে, ভুয়া রেজিস্ট্রেশনের সংখ্যা ছিল অনেক বেশী। এদিকে কিছু শিক্ষক প্রশ্ন তুলেছেন যে, তিন মাস ধরে শিক্ষা বোর্ড পরীক্ষার আবেদন যাচাই-বাছাই করেছে। এরপর পরীক্ষার সুযোগ দেয়া হয়েছে বাকীদের। তারা পরীক্ষাও দিয়েছে। এ অবস্থায় যাদের পরীক্ষা বাতিল করা হচ্ছে, তাদের মানসিকভাবে ঠেলে দেয়া হচ্ছে বিপর্যয়ের দিকে।